

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪১৪৮  
বিলোনিয়া, ১১ ডিসেম্বর, ২০২৩

**প্রতি ঘরে সুশাসন ২.০**  
**জোলাইবাড়ি ব্লকে দু'দিন ব্যাপী বিকাশ মেলা**

জোলাইবাড়ি দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে সম্প্রতি দু'দিন ব্যাপী প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে বিকাশ মেলা অনুষ্ঠিত হয়। বিকাশ মেলায় ব্লকের মধ্য পিলাক, উত্তর জোলাইবাড়ি, দক্ষিণ জোলাইবাড়ি, পশ্চিম পিলাক, পশ্চিম জোলাইবাড়ি পঞ্চায়েত এবং কলসীমুখ এডিসি ভিলেজের জনগণ বিভিন্ন ভাবে উপকৃত হয়েছেন। এই মেলার উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। তিনি বলেন, রাজ্য সরকার সরকারী সুযোগ সুবিধা জনগণের কাছে পৌঁছে দেবার জন্য প্রয়াস নিয়েছে। সুশাসন মেলা তার এক উজ্জ্বল দৃষ্টান্ত। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রবিনমঃ, তাইস চেয়ারম্যান তাপস দত্ত, বিএসি চেয়ারম্যান অশোক মগ, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ। মেলায় ৪টি এসসি, ১৬টি এসটি, ৫টি ওবিসি, ৪৩টি ইনকাম, ১১৯টি পিআরটিসি, ৬টি আর ও আর, ৮টি জন্ম ও মৃত্যু এবং ৪৯টি ম্যারেজ সার্টিফিকেট দেবার জন্য জনগণের কাছ থেকে আবেদনপত্র গ্রহণ করা হয়। আধার কার্ড এনরোলমেন্ট করা হয় ১৫টি। সয়েল হেলথ কার্ড দেওয়া হয় ১৫টি। স্বাস্থ্য দপ্তর থেকে ২৬১ জনের চিকিৎসা করে বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে ৪৫টি পশু পাখির চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। মেলায় ১৪৩৯ জন বিভিন্ন সুবিধা গ্রহণ করেন।

\*\*\*\*\*